বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd
এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট বিভাগ

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৯.২১.৪৯৭

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **স্থাপনা/ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসংগে।**

সূত্র: নং-০০.০৩.২৬০০.১১১.০৫.০১০.২২.০০২/৪৫ক, তারিখঃ ২১/০৮/২০২২খ্রিঃ (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, তেজগাঁও বিমান বন্দরে Obstacle limitation Surface (OLS) এর মধ্যে কাফরুল থানার আওতাধীন, হোল্ডিং নং-৯৮৮/বি, আনিসুর রহমান গং একটি নির্মানাধীন ভবন গত ১১ আগষ্ট ২০২২খ্রিঃ বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে দেখা যায় যে, স্থাপনাটি তেজগাঁও রানওয়ে সংলগ্ন হওয়ার কারণে স্থাপনাটির প্রাপ্য উচ্চতা ৩৪ ফুট হলেও **বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ হতে কোন প্রকার অনুমতি/ উচ্চতার ছাড়পত্র** গ্রহণ ছাড়াই ভবনটির ১০ম তলার নির্মাণ কাজ চলছে, দৃশ্যমান ভবনের উচ্চতা ১০০ফুট এর অধিক যাহার **৬৬ফুট নিয়ম বর্হিভূত। যা বিমান চলাচলের জন্য মারাত্মক ঝুকিপূর্ণ।**

তেজগাঁও বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী ভবন নির্মাণের অনুমোদন গ্রহণের পূর্বে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক উচ্চতার ছাড়পত্র গ্রহণ আবশ্যক যা এই স্থাপনাটির ক্ষেত্রে করা হয় নাই।

তফসিলে বর্ণিত ভবনটি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক উচ্চতার ছাড়পত্র গ্রহণ ছাড়াই বিধি বহির্ভূতভাবে নির্মিত হওয়ায় ভবনটির নির্মাণ কাজ বন্ধ করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২৬-৯-২০২২

মোঃ মাসুদ রানা
উপ-পরিচালক (এটিএম)
ফোন: +৮৮০ ২ ৪৮৯৬২০৩২, Ext. ৩১২০
ফ্যাক্স: ..
ইমেইল: ddats@caab.gov.bd

চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ** অথরাইজড অফিসার (চলতি দায়িত্ব), অথরাইজড অফিসার-১ (জোন-৩), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোনাল অফিস, মহাখালী, ঢাকা।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৯.২১.৪৯৭/১(৪)

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সদস্য, সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ)-এর দপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

২) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩) পরিচালক (এটিএস), অপারেশন ব্রাঞ্চ, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৪) পরিচালক, জোনাল অফিস (জোন-৩), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোনাল অফিস, মহাখালী, ঢাকা।



২৬-৯-২০২২

মোঃ মাসুদ রানা

উপ-পরিচালক (এটিএম)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd
এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট বিভাগ

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৬.২১.৫১৮

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **মোবাইল টাওয়ার/স্থাপনা নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসংগে।**

সূত্র: No.: edotco BD-2022/172, Date:-08/08/2022

১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে হযরত শাহ জালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নেবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

| ক্রমিক নং | মোবাইল টাওয়ার/স্থাপনা নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল | হযরত শাহ জালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা |
|---|---|---|
| ০১ | ভৌগলিক স্থানাংক: 23°48'38.59"N, 90°25'58.67"E, Tenement-2 Plot:-301/A, Road:06, Blobk-E, Bashundhara R/A, PO: Gulshan, P.S : Bhatara, Dist:Dhaka. | **৯৯(নিরানব্বই)ফুট** |
| ০২ | ভৌগলিক স্থানাংক: 23°53'21.66"N, 90°25'08.26"E, Vill: Pathanpara, PO:Tongi, PS:Gazipur Sadar,Dist:Gazipur. | **৯৯(নিরানব্বই)ফুট** |
| ০৩ | ভৌগলিক স্থানাংক: 23°47'32.11"N, 90°26'47.35"E, Vill:Satarkul, Islambag PO:Satarkul-2941, PS: Badda, Dist:Dhaka. | **৪৯(উনপঞ্চাশ)ফুট** |

০২। মোবাইল টাওয়ার/স্থাপনা/ নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবে:

(ক) মোবাইল টাওয়ার/স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(খ) নির্মাণ কাজের জন্য ক্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।

(গ) স্থাপনা/মোবাইল টাওয়ারের চুড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।

০৩।হযরত শাহ জালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে। সুতরাং নির্মাণ স্থানের এলিভেশন ২৭ ফুটের অতিরিক্ত হলে, অতিরিক্ত উচ্চতা অত্র পত্রের মাধ্যমে প্রদত্ত উচ্চতা হতে বাদ দিয়ে প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করতে হবে।

০৪। নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/মোবাইল টাওয়ার নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।

০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।

২৫-৯-২০২২
মোঃ মাসুদ রানা
উপ-পরিচালক (এটিএম)

Director, Engrineeringedotco Bangladesh Company Ltd, Uday Tower, 13th & 14th Floor, 57 & 57/A, Gulshan Avinue, Gulshan-1, Dhaka-1212.

ফোন: +৮৮০ ২ ৪৮৯৬২০৩২, Ext. ৩১২০
ফ্যাক্স: ..
ইমেইল: ddats@caab.gov.bd


স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৬.২১.৫১৮/১(২)

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।



২৫-৯-২০২২
মোঃ মাসুদ রানা
উপ-পরিচালক (এটিএম)